ইত্তেফাক

তারিখ ... ৫।৪।৭৪ ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

015

# বৃত্তিমূলক শিক্ষার উপর গুরুত্বারোপ

বাসস জানায়, শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ দেশে গণমুখী শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার অংশ হিসাবে বৃত্তিমূলক শিক্ষার প্রয়োজনীয়তার উপর জোর দিয়াছেন। মন্ত্রী গত বৃহস্পতিবার শেরেবাংলানগরস্থ মহিলা শিল্পকলা কেন্দ্রে সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে ভাষণ দিতেছিলেন। মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে কেন্দ্রের ভূমিকার প্রশংসা করিয়া কাজী জাফর বলেন, দেশের চাহিদার নিরিখে প্রচলিত শিক্ষা ব্যবস্থার পরিবর্তন করিতে হইবে।